

🔳 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২:৬৭

💵 আরবি মূল আয়াত:

وَ إِذ قَالَ مُوسِى لِقَومِهِ إِنَّ اللهَ يَامُرُكُم أَن تَذبَحُوا بَقَرَةً اَ قَالُوا اَتَتَّخِذُنَا هُزُوًا اَ قَالَ اَعُوذُ بِاللهِ اَن اَكُونَ مِنَ الجهلِينَ ﴿٤٧﴾

আর স্মরণ কর, যখন মূসা তার কওমকে বলল, 'নিশ্চয় আল্লাহ তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন যে, তোমরা একটি গাভী যবেহ করবে'। তারা বলল, 'তুমি কি আমাদের সাথে উপহাস করছ'? সে বলল, 'আমি মূর্খদের অন্তর্ভুক্ত হওয়া থেকে আল্লাহর আশ্রয় চাচ্ছি'। — আল-বায়ান

স্মরণ কর, যখন মূসা (আ.) স্বীয় সম্প্রদায়কে বলেছিল, 'আল্লাহ তোমাদেরকে একটি গরু যবহ করার আদেশ দিচ্ছেন'; তারা বলেছিল, 'তুমি কি আমাদের সঙ্গে ঠাটা করছো'? মূসা বলল, আল্লাহর আশ্রয় নিচ্ছি, যাতে আমি অজ্ঞদের অন্তর্ভুক্ত না হই। — তাইসিরুল

এবং যখন মূসা নিজ সম্প্রদায়কে বলেছিলঃ নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে আদেশ করেছেন যে, তোমরা একটি গরু যবাহ কর। তারা বলেছিলঃ তুমি কি আমাদেরকে উপহাস করছ? সে বলেছিলঃ আমি আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করছি, যেন আমি মূর্খদের অন্তর্ভুক্ত না হই। — মুজিবুর রহমান

And [recall] when Moses said to his people, "Indeed, Allah commands you to slaughter a cow." They said, "Do you take us in ridicule?" He said, "I seek refuge in Allah from being among the ignorant." — Sahih International

৬৭. আর স্মরণ কর(১), যখন মূসা তার জাতিকে বললেন, আল্লাহ তোমাদেরকে একটি গাভী যবেহ করার আদেশ দিয়েছেন, তারা বলল, 'তুমি কি আমাদের সঙ্গে ঠাটা করছ? মূসা বললেন, আমি অজ্ঞদের অন্তর্ভুক্ত হওয়া থেকে আল্লাহর আশ্রয় চাই।

১. এ ঘটনার সংক্ষিপ্তবিবরণ এই যে, ইসরাঈল-বংশধরদের মধ্যে একটি হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল। হত্যাকারী কে? তা জানা কঠিন হয়ে দাঁড়ায়। তখন, আল্লাহ তাদেরকে একটি গরু জবাই করতে নির্দেশ দেন। ইসরাঈল-বংশধররা কোন বাদানুবাদে প্রবৃত্ত না হলে এতসব শর্তও আরোপিত হতো না, বরং যেকোন গরু জবাই করলেই তাদের উদ্দেশ্য সিদ্ধ হতে পারতো। কিন্তু তারা প্রশ্ন করে বিভিন্ন শর্ত আরোপ করে নেয়। শেষ পর্যন্ত তারা সেটা করতে সমর্থ হয়। তারপর গরু জবাই করার পর মৃতদেহে সে গরুর গোশতের টুকরো স্পর্শ করাতেই সে জীবিত হয়ে যায় এবং হত্যাকারীর নাম বলে তৎক্ষণাৎ আবার মারা যায়। [ইবনে কাসীর থেকে সংক্ষেপিত]

তাফসীরে জাকারিয়া

৬৭। আর যখন মূসা আপন সম্প্রদায়কে বলেছিল, 'আল্লাহ তোমাদেরকে একটি গাভী যবেহর আদেশ দিচ্ছেন', (1) তখন তারা বলেছিল, 'তুমি কি আমাদের সঙ্গে ঠাট্টা করছ?' মূসা বলল, 'আমি অজ্ঞদের দলভুক্ত হওয়া হতে আল্লাহর শরণ নিচ্ছি।'

(1) বানী-ইস্রাঈলদের মধ্যে একজন সন্তানহীন বিত্তশালী লোক ছিল। তার উত্তরাধিকার বলতে কেবল তার এক ভাইপো ছিল। এক রাতে এই ভাইপো চাচাকে হত্যা করে তার লাশ অন্য লোকের দরজায় ফেলে দিল। সকালে হত্যাকারীর খোঁজে সবাই একে অপরকে দোষারোপ করতে লাগল। শেষ পর্যন্ত খবর মূসা (আঃ)-এর নিকটে পৌঁছলে তাদেরকে একটি গাভী যবেহ করার নির্দেশ দেওয়া হল। সেই গাভীর কোন অংশ নিয়ে মৃত ব্যক্তির শরীরে স্পর্শ করা হলে সে জীবিত হয়ে তার হত্যাকারী কে - তা জানিয়ে দিয়ে পুনরায় মৃত্যুবরণ করল। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=74

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন